

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৭৩

কুমারঘাট, ২৪, জানুয়ারি, ২০২৪

দেশের সামগ্রিক উন্নয়নে সবাইকে সহযোগিতার হাত  
বাড়িয়ে দিতে হবে : তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী

নানা অনুষ্ঠানের মধ্যদিয়ে গতকাল কুমারঘাট মহকুমায় উদযাপতি হয়েছে দেশনায়ক নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী। মহকুমার মূল অনুষ্ঠানটি আয়োজিত হয় ফটিকরায়ে নেতাজী মূর্তির পাদদেশে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করে নেতাজীর পূর্ণাবয়ব মূর্তিতে মাল্যদান করেন তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস। নেতাজীর মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, মহকুমা শাসক সুব্রত কুমার দাস, কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক, আবেদকর মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সুব্রত শর্মা, ফটিকরায় গ্রাম পঞ্চায়েতের প্রধান রাজীব দাস প্রমুখ। পরে নেতাজী মূর্তির পাদদেশ থেকে একটি শোভাযাত্রা বের হয়ে ফটিকরায় কো-অপারেটিভের সামনে মিলিত হয়। এখানে আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেন, নেতাজীর জন্মদিবসকে সারা দেশে পরাক্রম দিবস হিসেবে উদযাপন করা হয়। তিনি বলেন, ভারতমাতার জন্য নেতাজী সুভাষ চন্দ্র বসুর অক্ত্রিম প্রেম ও ভালোবাসা সমগ্র ভারতবাসীকে গৌরবান্বিত করেছে। মন্ত্রী সুধাংশু দাস আরও বলেন, স্বাধীন দেশের নাগরিক হিসেবে দেশের সামগ্রিক উন্নয়নের জন্য আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, আবেদকর মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সুব্রত শর্মা। উপস্থিত ছিলেন মহকুমা শাসক সুব্রত কুমার দাস, ডিসিএম বিধান দাস প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক। দিনটি উদযাপনের অঙ্গ হিসেবে এদিন ফটিকরায় দ্বাদশ বিদ্যালয়ে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। মন্ত্রী সুধাংশু দাস এই প্রীতি ক্রিকেট ম্যাচে অংশ নেন।

এদিকে, নেতাজী জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে কুমারঘাট পূর পরিষদের উদ্যোগে নেতাজী চৌমুহনীতে নেতাজী সুভাষ চন্দ্র বসুর মূর্তির সামনে জাতীয় পতাকা উত্তোলন করে পুষ্পার্ঘ অপর্ণ করে শ্রদ্ধা জানান কুমারঘাট পূর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। এছাড়া ফুল দিয়ে শ্রদ্ধা জানান কুমারঘাট পূর পরিষদের ডেপুটি সি ই ও অভিজিৎ কুমার দাস, প্রাক্তন শিক্ষক রবীন্দ্র সিনহা, সমাজসেবী পবিত্র দেবনাথ ও অনিমেষ সিনহা প্রমুখ। পরে নেতাজীর জীবন নিয়ে আলোচনা করেন চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস ও প্রাক্তন শিক্ষক রবীন্দ্র সিনহা। পেঁচারখল ব্লক কার্যালয়ে নেতাজীর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান বিডিও সাগর দেববর্মা।

\*\*\*\*\*